



ক্যান্টনমেন্ট একজিকিউটিভ অফিসারের কার্যালয়

যশোর সেনানিবাস
পোস্ট কোডঃ ৭৪০৩
ফোন / ফ্যাক্সঃ ০৪২১-৫৫১৪৩

২৬/০৯/২০১৯

পত্র নম্বরঃ সিবিষে/নিঃবিঃ/০১/২০১৯/ ৮

২৬ ভাদ ১৪২৬ বঙ্গাব্দ
তারিখঃ
২২ সেপ্টেম্বর ২০১৯ খ্রিস্টাব্দ

নিয়োগ বিজ্ঞপ্তি

যশোর ক্যান্টনমেন্ট বোর্ড ও বোর্ড পরিচালিত শিক্ষা প্রতিষ্ঠানসমূহের নিম্নবর্ণিত পদে সম্পূর্ণ অস্থায়ীভিত্তিতে নিয়োগের লক্ষ্যে যোগ্যতা সম্পন্ন বাংলাদেশের প্রকৃত নাগরিকদের নিকট হতে নিম্নলিখিত শর্তসাপেক্ষে দরখাস্ত আহবান করা হচ্ছে :-

ক্রঃনং	পদের নাম ও বেতন স্কেল	পদের সংখ্যা	ন্যূনতম শিক্ষাগত ও অন্যান্য যোগ্যতা	যেসব জেলার প্রার্থীদের আবেদন করার প্রয়োজন নেই।
০১	হিসাব রক্ষক (১১৩০০-২৭৩০০) গ্রেড- ১২	০১	স্বীকৃত শিক্ষা প্রতিষ্ঠান থেকে ন্যূনতম ২.৫ জিপিএ প্রাপ্ত বাণিজ্যে স্নাতক অথবা সমমানের শিক্ষাগত যোগ্যতা এবং সরকার অনুমোদিত প্রতিষ্ঠান থেকে ন্যূনতম ০৬ (ছয়) মাস মেয়াদী কম্পিউটার কোর্স সম্পন্ন হতে হবে। এপ্লিকেশন এন্ড প্রোগ্রামিং এ অভিজ্ঞতা সম্পন্ন প্রার্থী অগ্রাধিকারযোগ্য।	যশোর, নড়াইল, বরিশাল, ঝিনাইদহ, কুষ্টিয়া, নওগাঁ ও টাঙ্গাইল জেলার প্রার্থীদের আবেদন করার প্রয়োজন নেই।
০২	অফিস সহকারী কাম কম্পিউটার মুদ্রাক্ষরিক (৯৩০০-২২৪৯০/-) গ্রেড- ১৬	০১	ন্যূনতম ২.৫০ জিপিএ প্রাপ্ত এইচএসসি অথবা সমমান এবং ন্যূনতম ০৬ মাস মেয়াদী কম্পিউটারে প্রশিক্ষণ প্রাপ্ত। টাইপে ন্যূনতম গতি প্রতি মিনিটে বাংলায় ৩০ এবং ইংরেজিতে ৪০ শব্দ হতে হবে।	
০৩	কার্যসহকারী (৯৩০০-২২৪৯০/-) গ্রেড- ১৬	০১	স্বীকৃত শিক্ষা প্রতিষ্ঠান হতে বিল্ডিং কনস্ট্রাকশন এন্ড মেইনটেন্যান্স বিষয়ে এইচএসসি (ভোকেশনাল) / আলীম (ভোকেশনাল) কোর্স অথবা পুরাকৌশল বিষয়ে সমমানের শিক্ষাগত যোগ্যতা সম্পন্ন হতে হবে।	
০৪	কল্লারভেলি সুপারভাইজার (৯০০০-২১৮০০/-) গ্রেড- ১৭	০১	ন্যূনতম ২.৫ জিপিএ প্রাপ্ত এসএসসি বা সমমান	যশোর, নড়াইল, মাগুরা, ঝিনাইদহ, ফরিদপুর, গোপালগঞ্জ, পিরোজপুর, বাগেরহাট, বরিশাল, পটুয়াখালী, নোয়াখালী, কুমিল্লা, সিরাজগঞ্জ ও গাজীপুর জেলার প্রার্থীদের আবেদন করার প্রয়োজন নেই।
০৫	অফিস সহায়ক (৮২৫০-২০০১০/-), গ্রেড- ২০	০২	ন্যূনতম ২.৫ জিপিএ প্রাপ্ত এসএসসি বা সমমান	
০৬	ইলেকট্রিক লাইনম্যান হেলপার (৮২৫০-২০০১০/-) গ্রেড-২০	০১	ন্যূনতম ২.৫ জিপিএ প্রাপ্ত এসএসসি পাস এবং সংশ্লিষ্ট বিষয়ে ট্রেড কোর্স	
০৭	আয়া (৮২৫০-২০০১০/-) গ্রেড- ২০	০১	ন্যূনতম ৮ম শ্রেণি পাস	

- ০১। ক্যান্টনমেন্ট একজিকিউটিভ অফিসার, যশোর ক্যান্টনমেন্ট বরাবরে আবেদনপত্র আগামী ১০/১০/২০১৯ তারিখের মধ্যে (অফিস চলাকালীন সময়ে) পৌঁছাতে হবে। খামের উপরের ডানপাশে আবেদনকৃত পদের নাম, নিজ জেলা ও কোটার নাম (প্রয়োজ্য ক্ষেত্রে) উল্লেখ করতে হবে। উক্ত তারিখের পরে প্রাপ্ত / ক্রটিপূর্ণ / অসম্পূর্ণ আবেদনপত্র সরাসরি বাতিল বলে গণ্য হবে।
- ০২। Application form for govt. Job (Ministry of Public Administration) অথবা যশোর বোর্ডের ওয়েব সাইট www.jashorecanttboard.gov.bd থেকে আবেদন ফরম ডাউনলোড করে যথাযথভাবে পূরণপূর্বক (মোবাইল নম্বরসহ) নিম্নবর্ণিত কাগজপত্র আবেদনপত্রের সাথে সংযুক্ত করতে হবে- (ক) ক্যান্টনমেন্ট একজিকিউটিভ অফিসার, যশোর সেনানিবাসের অনুকূলে সোনালী ব্যাংক লিঃ এর যে কোন শাখা হতে নিয়োগ পরীক্ষার ফিস বাবদ ৫০০/- (পাঁচশত) টাকার ব্যাংক ড্রাফট / পে-অর্ডার (অফেরতযোগ্য) দাখিল করতে হবে (খ) সম্প্রতি তোলা ০৩ কপি পার্সপোট সাইজের কালার ছবি (গ) প্রার্থীর নাম ও ঠিকানা উল্লেখপূর্বক অব্যবহৃত ডাকটিকিট যুক্ত (৯.৫ X ৪.৫ ইঞ্চি) পৃথক একটি খাম সংযুক্ত করতে হবে।
- ০৩। ১০/১০/২০১৯ তারিখে খ্রিঃ তারিখে প্রার্থীর বয়স ১৮ হতে ৩০ বছরের হতে হবে। তবে মুক্তিযোদ্ধা/ শহীদ মুক্তিযোদ্ধার পুত্র-কন্যা / পুত্র-কন্যার, পুত্র-কন্যার ক্ষেত্রে বয়সসীমা ৩২ বছর পর্যন্ত শিথিলযোগ্য। বয়স প্রমাণের ক্ষেত্রে কোন এফিডেভিট গ্রহণযোগ্য হবে না।
- ০৪। সরকারি/আধা সরকারি সংস্থায় চাকুরিরত প্রার্থীদের যথাযথ কর্তৃপক্ষের মাধ্যমে আবেদন করতে হবে। কোন অগ্রিম কপি গ্রহণযোগ্য নয়।
- ০৫। নিয়োগের ক্ষেত্রে সরকারের বিদ্যমান বিধি এবং পরিবর্তিত ক্ষেত্রে প্রয়োজ্য বিধি অনুসরণ করা হবে।
- ০৬। ০১ জন প্রার্থী ক্রমিক নং ০৫ ও ০৬ এ বর্ণিত পদে যেকোন ০১টি পদে আবেদন করতে পারবেন।
- ০৭। নিয়োগ পরীক্ষার তারিখ ও সময় আবেদনকারীকে SMS এর মাধ্যমে জানানো হবে। এজন্য পৃথকভাবে কোন ইন্টারকিউ কার্ড ইস্যু করা হবে না। এ ছাড়াও নিয়োগ সংক্রান্ত সকল তথ্যাদি এ দপ্তরের ওয়েব সাইট থেকে জানা যাবে।
- ০৮। কর্তৃপক্ষ বিজ্ঞাপিত পদের সংখ্যা হ্রাস/বৃদ্ধি / বাতিল করার অধিকার সংরক্ষণ করেন।
- ০৯। নিয়োগ প্রক্রিয়ায় অংশগ্রহণের জন্য কোন টিএ/ ডিএ ভাতা প্রদান করা হবে না।
- ১০। প্রার্থী নির্বাচনের ক্ষেত্রে নিয়োগের যে কোন পর্যায়ে কর্তৃপক্ষের সিদ্ধান্ত চূড়ান্ত বলে গণ্য হবে।

(মোঃ ফিরোজ শাহ)

ক্যান্টনমেন্ট একজিকিউটিভ অফিসার

যশোর সেনানিবাস

অনুলিপি- সদয় অবগতি ও কার্যার্থে :

- ১। মহাপরিচালক
সামরিক ভূমি ও ক্যান্টনমেন্ট অধিদপ্তর
প্রতিরক্ষা মন্ত্রণালয়, ঢাকা সেনানিবাস।
- ২। স্টেশন সদর দপ্তর, যশোর সেনানিবাস
- ৩। ক্যান্টনমেন্ট একজিকিউটিভ অফিসার
..... সেনানিবাস।
- ৪। নোটিশ বোর্ড, যশোর ক্যান্টনমেন্ট বোর্ড।